

শুক্রবার ৭ মার্চ ২০০৩



রাজধানীর ধানমন্ডিতে অক্সফোর্ড স্কুলে গতকাল দু'দিনব্যাপী আইনিটি মেলা করা হয়েছে - প্রথম আলো

## অক্সফোর্ড স্কুলে বসেছে স্কুদে তথ্যপ্রযুক্তিবিদদের মেলা

### নিজস্ব প্রতিবেদক

অনেকেরই উচ্চতা টেবিলে রাখা কম্পিউটারের চেয়েও কম। কিন্তু এই কম্পিউটার নিয়ে আর কম্পিউটারে তারা যা করেছে, তা ছাড়িয়ে গেছে অজাগতদের বিশ্বাসের সীমা। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার কৌশল বিভাগের অধ্যাপক ড. এম কায়কোবাদ ঘুরে ঘুরে দেখলেন এবং মুগ্ধতা প্রকাশ করলেন।

গতকাল বুধস্পতিবার ধানমন্ডির ২৭ নম্বর রোডে অক্সফোর্ড ইন্টারন্যাশনাল স্কুলে স্কুদে তথ্যপ্রযুক্তিবিদদের মেলা বসেছিল। স্কুলের প্রেসিডেন্ট শাখাওয়াত হোসেন এক অনাড়ম্বর অনুষ্ঠানে দু'দিনব্যাপী আইনিটি মেলায় ২০০৩-এর উদ্বোধন করেন। তিনি জানান, এটি এ ধরনের দ্বিতীয় আয়োজন।

মেলায় আয়োজন সম্পর্কে অক্সফোর্ড ইন্টারন্যাশনাল স্কুলের অধ্যক্ষ আয়েশা হোসেন শাহনীলা বলেন, এই স্কুলে সবার জন্যই কম্পিউটার শিক্ষা বাধ্যতামূলক। আধুনিক বিশ্বের সঙ্গে ভাল মিলিয়ে চলতে এ রকম মেলায় আয়োজন গুরুত্বপূর্ণ।

উদ্বোধনী অনুষ্ঠানে অক্সফোর্ড স্কুলের ওয়েব

সাইটের (www.ois-bd.net) উদ্বোধন করেন আইনিটি বিভাগের প্রধান ড. রিয়াজুল হামিদ। অনুষ্ঠানটি পরিচালনা করেন অফিস মেরু, মোঃ খালেদ ও মিনেস নবজাহান। স্বাগত বক্তব্য রাখেন মেলায় সমন্বয়কারী সাকের ইউনুস।

অক্সফোর্ড স্কুলের আইনিটি মেলায় জটাবেইজ, মাস্টিমিডিয়া ও ওয়েব সাইট-এই তিন বিভাগে ৩০টি প্রকল্প দেখাচ্ছে শিও-কিশোররা। মেলায় অন্যতম বিচারক ড. এম কায়কোবাদ বলেন, চতুর্থ বা পঞ্চম শ্রেণীর ছাত্রছাত্রীরা কম্পিউটারে যে রকম কাজ করেছে তা এককথায় অসাধারণ।

প্রাণীর ড্রোনিং কীভাবে হয় তাই মাস্টিমিডিয়ার মাধ্যমে দেখাচ্ছে চতুর্থ শ্রেণীর লামিনা নূর ও ইনজামামুল ইসলাম। ষষ্ঠ শ্রেণীর প্রিনন তুরিও বানিয়েছে। কম্পিউটার কুইজভিত্তিক একটি সফটওয়্যার। একই ক্লাসের আনিফ আনজাম নয়ন ও তৌফিক রহমান তৈরি করেছেন আর্পেনিকের তথ্য নিয়ে একটি ওয়েব সাইট।

মেলায় সমাপনী অনুষ্ঠানে সভাপতি বিতরণ করা হবে। স্পন্দন করছে শার্ক এনার্জি ড্রিম, ই আংকার ও প্যারটের ফ্লপ।